দৈনিক ইত্তেফাক

তারিখ 15 JUL 2017
পৃষ্ঠা ৩ কলাম ৬

# শেকৃবিতে ৭৫ কোটি ৪২ লাখ টাকার বাজেট পাস

■ শেকৃবি সংবাদদাতা

শিক্ষা, গবেষণা এবং ভৌত অবকাঠামো উন্নয়নের পরিকল্পনা ও যথাযথ বাস্তবায়নকে বিবেচনায় নিয়ে ঘোষিত হয়েছে শেরেবাংলা কৃষি বিশ্ববিদ্যালয়ে ২০১৭-১৮ অর্থবছরের ৭৫ কোটি ৪২ লাখ টাকার বাজেট। গতকাল শুক্রবার উপাচার্য সম্মেলন কেন্দ্রে সিন্ডিকেটের ৮২তম সভায় এ বাজেট অনুমোদিত হয়। এতে সভাপতিত্ব করেন বিশ্ববিদ্যালয়ের উপাচার্য প্রফেসর মোঃ কামাল উদ্দিন আহাম্মদ। একই সভায় ২০১৬-১৭ অর্থবছরের সংশোধিত বাজেটও অনুমোদিত হয়। বাজেট উপস্থাপন করেন বিশ্ববিদ্যালয়ের কোষাধ্যক্ষ প্রফেসর ড. মোঃ আনোয়ারুল হক বেগ।

এবারের বাজেটে বিশ্ববিদ্যালয় মঞ্জুরি কমিশন (বিমক) সরকারি অনুদান হিসাবে ৬৮ কোটি ৪২ লাখ টাকা বরাদ্দ দিয়েছে। বাকি ৭ কোটি টাকা বিশ্ববিদ্যালয়ের নিজস্ব সূত্র থেকে আয় ধার্য করা হয়েছে। উক্ত বাজেটের বেতন-ভাতাদি খাতে ৫৫ কোটি ৩৫ লাখ টাকা, পেনশন খাতে ৪ কোটি টাকা, সাধারণ আনুষাঙ্গিক খাতে ৭ কোটি ১৭ লাখ টাকা, শিক্ষা আনুষাঙ্গিক খাতে ৫ কোটি ৮০ লাখ টাকা, গবেষণা প্রকল্প ব্যয় ৫০ লাখ টাকা, মেরামত সংরক্ষণ ও পুনর্বাসন খাতে ১ কোটি টাকা ও সম্পদ সংগ্রহ বা ক্রয় খাতে ২ কোটি ১০ লাখ টাকা নির্ধারণ করা হয়েছে।

উপাচার্য প্রফেসর ড. কামাল উদ্দিন আহাম্মদ প্রস্তাবিত বাজেটের উপর বক্তব্যে বলেন, বাজেটে সরকারের নিয়মনীতি সমুন্নত রেখে এবং সীমিত সম্পদের সদ্ব্যবহার করে একাডেমিক উন্নয়নে শিক্ষা, আনুষাঙ্গিক ও ছাত্র সহায়ক তহবিলের বরাদ্দ বৃদ্ধি করা হয়েছে। এছাড়া অপচয় রোধ এবং আর্থিক স্বচ্ছতা ও জবাবদিহিতা নিশ্চিত করতে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করা হয়েছে।